



নিশ্চিত পরাজয় জেনে ছাত্রদলের ভোট বর্জন: শিবির প্যানেল



সংগৃহীত ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাকসু) নির্বাচনে নিশ্চিত পরাজয় জেনে ভোট বর্জন করেছে ছাত্রদল। শিবির সমর্থিত ভিপি প্রার্থী আরিফ উল্লাহ আদিব বলেছেন, ভোট বর্জনের প্রভাব সামগ্রিক নির্বাচনে পড়বে না এবং প্যানেলের জয়লাভের আশা এখনও অটুট।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাকসু) নির্বাচনে ছাত্রদল ভোট বর্জনের সিদ্ধান্ত নিয়েছে। বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) বিকেলে বেগম সুফিয়া কামাল হলের সামনে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ছাত্রশিবির সমর্থিত প্যানেলের সমন্বিত শিক্ষার্থী জোটের ভিপি প্রার্থী আরিফ উল্লাহ আদিব এ তথ্য নিশ্চিত করেন।

আরিফ উল্লাহ আদিব বলেন, “নির্বাচনে আমাদের বিরুদ্ধে আনা অভিযোগ ভিত্তিহীন। ডাকসু এবং জাকসু উভয় নির্বাচনে পুরো প্যানেল নিয়েই জয়লাভের প্রত্যাশা ছিল। ভোট বর্জন হলেও এর প্রভাব সার্বিক নির্বাচনে পড়বে না।”

তিনি আরও দাবি করেন, ওএমআর মেশিন নিয়ে ছাত্রদলের ভুয়া তথ্য প্রচার করা হয়েছে, এবং সেই প্রতিষ্ঠানের মালিক বিএনপির সমর্থক।

নির্বাচনে কারচুপির বিষয়ে তিনি বলেন, “নির্বাচনে কিছু সমস্যা দেখা দিয়েছে, তবে কোনো কারচুপির ঘটনা ঘটেনি। তাই ভোট বর্জনের বিষয়টি অন্য কোনো প্রভাব ফেলবে না।”

এবারের নির্বাচনকে তিনি উল্লেখযোগ্য ও দেশের সুষ্ঠু নির্বাচনের জন্য গুরুত্বপূর্ণ হিসেবে বর্ণনা করেছেন।